

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
 প্রবাসী কল্যাণ ভবন
 ৭১-৭২, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

স্মারক নম্বর-৪৯.০৪.০০০০.০০৪.১৮.০০৩.২২-০৪৫

তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৮
 ২২ ফেব্রুয়ারি ২০২২


নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের নিমিত্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে)	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১.	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)	০১ (এক)	১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হতে পুরকৌশল বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২.	উপ-সহকারী প্রকৌশলী (অটোমোবাইল)	০১ (এক)	১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল বা অটোমোবাইল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হতে অটোমোবাইল বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩.	হিসাবরক্ষক	০৫ (পাঁচ)	১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে অন্যান্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা;	নরসিংদী, কিশোরগঞ্জ ও ফেনী জেলা ব্যতীত অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৪.	সহকারী লাইব্রেরিয়ান	০১ (এক)	১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩)	কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হতে লাইব্রেরি সায়েন্স বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে ডিপ্লোমা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৫.	রিসিপিশনিষ্ট	০২ (দুই)	৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যান্য দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার চালনায় দক্ষতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৬.	কেয়ারটেকার	০৩ (তিন)	৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)	কোন স্বীকৃত বোর্ড হতে অন্যান্য দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	কুমিল্লা ও দিনাজপুর জেলা ব্যতীত অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলী:

১. আগামী ২৮ মার্চ ২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-৯), ৭১-৭২, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ (ডাক/কুরিয়ারযোগে) আবেদনপত্র পৌঁছাতে হবে। সরাসরি এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
২. আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজী), (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, (চ) জন্ম তারিখ, (ছ) ২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে প্রার্থীর বয়স, (জ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, (ঝ) জাতীয় পরিচয়পত্র, (ঞ) চারিত্রিক সনদপত্র, (ট) নাগরিকত্ব সনদপত্র, (ঠ) অভিজ্ঞতার সনদপত্র, (ড) কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র, (ঢ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। ছবি ও সকল সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। খামের উপর নিজ জেলা ও পদের নাম উল্লেখ করতে হবে। সেই সাথে ১০/- (দশ) টাকা মূল্যের ডাকটিকেট সংলগ্ন ১১ সে.মি. x ২৫ সে.মি. আকারের একটি ফেরত খামে আবেদনকারীর যোগাযোগের ঠিকানা লিপিবদ্ধ করে আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।
৩. "ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল" শিরোনামে যে কোন তফসিলি ব্যাংক হতে ১ ও ২নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা এবং ৩ হতে ৬নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।
৪. ২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমানের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
৫. বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
৬. চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৭. মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল মূল সনদপত্র এবং চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে মূল অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।
৮. পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
৯. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
১০. নিয়োগ প্রক্রিয়া সম্পর্কে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।
১১. তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন/সম্পূর্ণ বিজ্ঞপ্তি/নিয়োগ প্রক্রিয়া বাতিল বা সাময়িকভাবে স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে।
১৩. নিয়োগ বিজ্ঞপ্তি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েব সাইট (www.wewb.gov.bd) পাওয়া যাবে।


 (মুশাররাত জেব্বার)